দৈনিক ইত্তেফাক

তারিখ 04 NOV 1991
পৃষ্ঠা ... কলাম ...

# বুয়েটের সন্ত্রাসী ঘটনা তদন্তে কমিশন

সরকার গত ১৯শে অক্টোবর প্রকৌশল বিশ্ববিদ্যালয় এলাকায় বহিরাগত সশস্ত্র সন্ত্রাসী ব্যক্তিবর্গ কর্তৃক সন্ত্রাসী ঘটনার তদন্তের জন্য বিচারপতি সুলতান হোসেন খান (প্রাক্তন প্রধান নির্বাচন কমিশনার)-এর সমন্বয়ে এক সদস্য বিশিষ্ট তদন্ত কমিশন গঠন

(২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

(১ম পৃঃ পর)

## বুয়েটে

করিয়াছে। তদন্ত কমিশনের কার্যপরিধির মধ্যে রহিয়াছে ঘটনা কোথায় সংঘটিত হয় উহা নির্ণয় করা; ঘটনার প্রকৃত কারণ নির্ণয়; ঘটনার জন্য কে বা কাহারা দায়ী উহা নির্ধারণ করা; ভবিষ্যতে এ ধরনের ঘটনা প্রতিরোধের উপায় সম্পর্কে সুপারিশ করা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয়। কমিশন যথাশীঘ্র তদন্ত কাজ সমাপ্ত করিয়া সুপারিশসহ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রতিবেদন পেশ করিবে। শিক্ষা মন্ত্রণালয় তদন্ত কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবে। তথ্যবিবরণী।

এদিকে বুয়েট হইতে জানানো হইয়াছে যে, কতিপয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করায় বর্তমানে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে শান্তিপূর্ণ পরিবেশ বিরাজমান। ভাইসচ্যান্সেলর ও রেজিষ্ট্রার অফিস এবং লাইব্রেরীসহ/ বিশ্ববিদ্যালয়ের সকল প্রশাসনিক ও বিভাগীয় অফিস খোলা রহিয়াছে এবং পার্ট-এ পরীক্ষা অনুষ্ঠিত হইতেছে। ছাত্র-ছাত্রীরাও নিজ নিজ আবাসিক হলে অবস্থান করিতেছে। নিরাপত্তা নিশ্চিত করার জন্য বিশ্ববিদ্যালয়ের সকল গেটে পুলিশ মোতায়েন করা হইয়াছে।